

‘প্রবাসী প্যাক’ চালু করলো গ্রামীণফোন

- A Monitor Desk Report

Date: 09 December, 2024



ঢাকাঃ প্রবাসী বাংলাদেশীদের জন্য ‘প্রবাসী প্যাক’ চালু করলো গ্রামীণফোন। রবিবার (৮ ডিসেম্বর) এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে গ্রামীণফোন।

পাঁচ বছর পর্যন্ত সিমের মেয়াদসহ উত্তাবনী এই প্যাকটি এমনভাবে সাজানো হয়েছে যেন তা প্রবাসীদের সংযোগের চাহিদা পূরণ করতে পারে। বিদেশে বসবাসকারী এবং কর্মরত বাংলাদেশীদের ক্ষমতায়নের জন্য প্যাকটিতে রয়েছে বিশেষ সব ফিচার।

সমন্বিত ও অনন্য সব সুবিধা দিয়ে প্রবাসীদের জন্য সাজানো হয়েছে এই প্যাকটি। প্যাকটির মাধ্যমে বিদেশে থাকাকালে মোবাইল নম্বর সচল রাখা ছাড়াও কোনও বাড়তি চার্জ ব্যতীত আনলিমিটেড ইনকামিং এসএমএস এর সুবিধা উপভোগ করতে পারবেন গ্রাহকরা।

এছাড়া অনলাইন ব্যাংকিং, আর্থিক সেবা এবং গুগল ও ফেসবুকের মতো অ্যাপের জরুরি ওটিপিগুলো পাবেন তারা। ফলে সবসময় প্রয়োজনীয় ডিজিটাল সেবা গ্রহণ করতে পারবেন গ্রাহকরা যা তাদের নিরবচ্ছিন্নভাবে ডিজিটাল বিশ্বের সাথে সংযুক্ত রাখবে।

গ্রাহকদের সুবিধা ও প্রয়োজনের দিকটি মাথায় রেখে প্যাকটিতে ৩জিবি বা ৫জিবির ইন্টারনেট বোনাস রাখা হয়েছে, দেশে থাকাকালীন সময় বোনাসটি উপভোগ করতে পারবেন প্রবাসীরা। পরিবার ও বন্ধুদের সাথে যুক্ত থেকে সব গুরুত্বপূর্ণ খৌজখবর রাখতে পারবেন তারা। অফারটি পেতে গ্রাহকদের তিন বছর মেয়াদের জন্য ৯৯৪ টাকা এবং পাঁচ বছর মেয়াদের জন্য ১ হাজার ৪৯৪ টাকা রিচার্জ করতে হবে।

ব্যবহারের বাধ্যবাধকতা বা বিদেশ থেকে রিচার্জ করার সুযোগ না থাকায় সিম সচল রাখতে বাংলাদেশী প্রবাসীদের প্রায়ই অসুবিধার সম্মুখীন হতে হয়। এই প্যাকটির মাধ্যমে গ্রাহকরা কোনও ঝামেলা ছাড়া তাদের সিমটি সচল ও কার্যকর রাখতে পারবেন। বিদেশে থাকাকালে সিম সচল রাখার চ্যালেঞ্জ মোকাবিলা করে প্রবাসীদের পরিচিতি রক্ষার নিশ্চয়তা প্রদান করবে এই প্যাকটি। এছাড়া তারা দেশে আসার পর পাচ্ছেন ইন্টারনেট বোনাস ব্যবহারের সুযোগ। ফলে নিজের দেশে সবার সাথে যুক্ত থাকতে ও যোগাযোগ রক্ষায়ও সহায়ক এই প্যাকটি।

প্রবাসী বাংলাদেশীদের আবেগঘন গল্প তুলে ধরতে এ বছর 'স্বপ্ন যাবে বাড়ি' নামে একটি তাৎপর্যপূর্ণ ঙ্গদ ক্যাম্পেইন পরিচালনা করে গ্রামীণফোন। এতে উঠে আসে তাদের আত্মত্যাগ এবং বাড়িতে থাকা ভালোবাসার মানুষদের সাথে দৃঢ় বন্ধনের চিত্র। এই গল্প থেকে অনুপ্রাণিত হয়েই প্রবাসী প্যাকটি তৈরি করেছে অপারেটরটি। এই প্যাকটি ওই আবেগগুলোকে গুরুত্ব দেওয়ার পাশাপাশি বিদেশে থাকাকালে বাংলাদেশি সিম চালু রাখার সমাধান নিয়ে এসেছে। এতে দূরে থেকেও সবসময় দেশের সান্নিধ্য পাবেন প্রবাসীরা।

গ্রামীণফোনের চিফ মার্কেটিং অফিসার মোহাম্মদ সাজ্জাদ হাসিব বলেন, 'সেবাটি আমাদের প্রবাসী গ্রাহকদের দেবে নিরবচ্ছিন্নভাবে ও ডিজিটালি যুক্ত থাকার সুযোগ। যুগান্তকারী এই পদক্ষেপটি গ্রাহককেন্দ্রিক উদ্ভাবনে গ্রামীণফোনের প্রতিশ্রুতির প্রতিফলন। এটি প্রবাসী গ্রাহকদের সেবা গ্রহণের অভিজ্ঞতা আরও উন্নত করার পাশাপাশি এমন একটি ডিজিটাল সংযোগ তৈরি করবে যা তাদের জীবনধারাকে সমৃদ্ধ এবং দেশের সাথে বন্ধনকে আরও দৃঢ় করবে। আমাদের লক্ষ্য হচ্ছে প্রবাসীরা পৃথিবীর যেখানেই থাকুক না কেন তারা যেন কার্যকর যোগাযোগ রক্ষা করতে এবং তাদের কাছে গুরুত্বপূর্ণ বিষয়গুলোর সাথে যুক্ত থাকতে পারেন।'

ইতোমধ্যে, বাংলাদেশে থাকা গ্রাহকরা যাদের হাতে সিম আছে তারা সহজেই বিভিন্ন চ্যানেল যেমন: রিটেল আউটলেট, বিকাশ, গ্রামীণফোন ওয়েবসাইট অথবা মাই জিপি অ্যাপের মাধ্যমে সরাসরি নির্দিষ্ট টাকা রিচার্জ করতে পারবেন। মাই জিপি অ্যাপ থেকে 'বান্ডলস' সেকশনে গিয়ে তাদের মূল অ্যাকাউন্ট ব্যালেন্স ব্যবহার করে অফারটি গ্রহণ করতে পারবেন গ্রাহকরা।

এছাড়া তিন বছরের প্ল্যানের জন্য *১২১*৯৯৪# বা পাঁচ বছরের প্ল্যানের জন্য *১২১*১৪৯৪# ইউএসএসডি কোড ডায়াল করতে হবে। সিম কার্ডটি সাথে থাকা অবস্থায় যারা দেশের বাইরে আছেন তারা একই প্রক্রিয়া অনুসরণ করে অথবা অন্যের সহায়তায় রিচার্জ করতে পারবেন।

-B